ডোমকল কলেজ
প্রথমবর্ষ ষাণ্মাসিক দ্বিতীয় অভীক্ষা
বিষয়: বাংলা সাম্মানিক (CC-T-2)

সময় - ৪০ মিনিট    পূর্ণমান: ২০

নিম্নলিখিত যেকোন একটি প্রশ্নের উত্তর দাও:

১) বাংলা গদ্যরচনায় বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে লেখ।

২) বাংলা সমাজ-সংস্কৃতিতে 'সংবাদ প্রভাকর' ও 'তত্ত্ববোধিনী'-পত্রিকার ভূমিকা সংক্ষিপ্ত প্রবন্ধে লেখ।

৩) নবনাট্য আন্দোলনে নাট্যকার বিজন ভট্টাচার্যের মৌলিকত্ব আলোচনা কর।

৪০ copies

[illegible] কলেজ

প্রথমবর্ষ সাময়িক দ্বিতীয় অভীক্ষা

বিষয়: বাংলা (CC-T-1) সাম্মানিক

সময়: ৪০ মিনিট

পূর্ণমান: ১০

নিম্নলিখিত যেকোন একটি প্রশ্নের উত্তর দাও:

① বাংলা সাহিত্যে চর্যাপদের কাব্যমূল্য সংক্ষেপে লিপিবদ্ধ কর।

② বাদ্যযন্ত্রের চিত্র অঙ্কন করে, তাদের অর্থাবলী উল্লেখ কর।

③ মনসামঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর বিখ্যাত কাব্যটির নাম লেখ। কাব্যটি সম্বন্ধে বিস্তারিত আলোচনা কর।

# DUMKAL COLLEGE, BASANTAPUR

## Subject :Modern Indian Languages (MIL)

## For 1st. Semister-2018

**Full Marks : 20** **Time : 3.00 Hours**

১. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর এই অনুচ্ছেদের অবলম্বনে লেখ: ৫ x ২ = ১০

তবে কোকিল, তুমি প্রকৃতির মহা- পার্লিয়ামেন্টে দাঁড়াইয়া নক্ষত্রময় নীলচন্দ্রাতপ-মণ্ডিত, গিরিনদীনগরকুঞ্জাদি সুসজ্জিত, ঐ মহাসভাগৃহে তোমার এ মধুর পঞ্চম স্বরে কু-উঃ বলিয়া ডাক- সিংহসন হইতে হেস্টিংস পর্যন্ত সকলেই কাঁপিয়া উঠুক। "কু-উঃ "। ভাল তাই ঐ কলকণ্ঠে কু বলিলে কু মানিব, সু বলিলে সু মানিব। কু বৈ কি? সব কু। লতার কন্টক আছে ; কুসুমে কীট আছে, গন্ধে বিষ আছে, পত্র শুষ্ক হয়, রূপ বিকৃত হয়, স্ত্রী জাতি বঞ্চনা জানে। কু-উঃ বটে- তুমি গাও। কিন্তু তুমি ঐ পঞ্চম স্বরে কু বলিলেই আমি মানিব। নচেৎ কুকড়ো বাবাজী কু ক্কু কু কু বলিয়া আমার সুখের প্রভাত নিদ্রাকে কু বলিলে আমি মানিব না। তার গলা নাই। গলাবাজিতে সংসার শাসিত হয় বটে, কিন্তু কেবল চেঁচাইলেই হয় না, যদি শব্দ মন্ত্রে সংসার জয় করিবে, তবে যেন তোমার স্বরে পঞ্চম লাগে- বে পরদা বা কড়ি মধ্যমের কাজ নয়। সর্ জেমস্ মাকিস্টশ, তাঁহার বক্তৃতায় ফিলজফি-র কড়ি মধ্যম মিলাইয়া হারিয়া গেলেন - আর সেকলে রেউকিকের পঞ্চম লাগাইয়া জিতিয়া গেলেন। ভারতচন্দ্র আদিরস পঞ্চমে ধরিয়া জিতিয়া গিয়াছেন- কবিকঙ্কনের ঋষভস্বর কে শুনে? দেখ লোকের বৃদ্ধ পিতামাতার বেসুরো বকাবকিতে কোন ফল দর্শে?

ক) উক্ত অনুচ্ছেদে 'পার্লিয়ামেন্ট' বলতে কী বোঝানো হয়েছে?
খ) পশ্চিমী কোন কোন ব্যক্তিত্বের নাম এখানে লেখক নেন?
গ) লেখকের দৃষ্টিভঙ্গিতে কোন কোন প্রকৃতির উপাদান দুষিত?
ঘ) প্রচ্যের কোন কোন কবি সম্পর্কে বঙ্কিমচন্দ্র এখানে কী বলেন?
ঙ) অনুচ্ছেদে 'ঋষভস্বর' বতে কী বোঝানো হয়েছে? অথবা

২. লিখিত অনুচ্ছেদটিকে অবলম্বন করে তার মর্ম বিসয় নিজের ভাষায় ব্যক্ত করো সংক্ষেপে। ১০

অথবা

১/২. ক) সম্প্রতি পঞ্চায়েত নির্বাচনে ভোটদাতা হয়েও তুমি নিজের ভোটটিনা দিতে পারার আক্ষেপ জানিয়ে স্থানিও একটি দৈনিকে ব্যক্তিগত যন্ত্রনার কথা লেখ চিঠির আকারে। ৫

খ) স্থানীয় দুটি ক্লাবের মধ্যে একটি ফুটবল ম্যাচের সম্পর্কে নতীদীর্ঘ প্রতিবেদন লেখ। ৫

# DUMKAL COLLEGE, BASANTAPUR

**Subject :Bengali (CC-1)**

**For 2nd. Internal Test-2018**

**Full Marks : 10** **Time :1. 30 Minutes**

---

১. নিম্নলিখিত যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর লেখ: ৫ X ২ = ১০

ক) ভাগবতের প্রথম অনুবাদ করেন কে? কত সালে গ্রন্থটি প্রকাশ পায়?

খ) বিদ্যাপতি কোন রাজসভার কবি ছিলেন ? প্রচলিত ভাবে তার লেখা পদগুলি কোন ভাষায় রচিত?

গ) চৈতন্য ভাগবত গ্রন্থটিকে কী কী কারণে শ্রেষ্ঠ বলা চলে?
- সূত্রাকারে লেখো।

ঘ) মনসা মঙ্গল কাব্যের ধারায় দু'জন কবির নাম লেখো।

ঙ) অন্নদামঙ্গল কাব্যের কটি খন্ড রয়েছে? কোন খন্ডটি ইতিহাসের সঙ্গে যুক্ত?

চ) চৈতন্যোত্তরকালের দু'জন বৈষ্ণব পদকর্তার নামসহ, কোন পর্যায়ে পদরচনায় তাদের কৃতিত্ত্ব সর্বাধিক?

<u>অথবা</u>

২. নিম্নলিখিত যে কোন একটি প্রশ্নের উত্তর লেখ: ১০ X ১ =১০

ক) পূর্বরাগ পর্যায়ের পদে চন্ডীদাসের বিশিষ্টতা দেখাও।

খ) বাংলা সাহিত্যে চৈতন্যের প্রভাব পর্যালোচনা করো।

গ) মনসামঙ্গল কাব্যের রচয়িতা রূপে বিজয় গুপ্তের অভিনবত্ব বিশ্লেষন করো।

ঘ) অভিসার বিষয়ক পদে গোবিন্দ দাসকে কী কারণে রাজাধিরাজ বলা হয়?- আলোচনা কর।

# DUMKAL COLLEGE, BASANTAPUR

## Subject :Bengali (~~General~~) Hons

## For 2nd. Internal Test-2018

**Full Marks : 10** **Time : 30 Minutes**

---

১. নিম্নলিখিত যে কোন একটি প্রশ্নের উত্তর লেখ: ১০ x ১ = ১০

ক) "সুকান্ত ভট্টাচার্যের কবিতায় সমকালীন সমাজজীবন"- এ প্রসঙ্গে নাতিদীর্ঘ আলোচনা কর।

খ) গিরিশ ঘোষের যে কোন দুটি পৌরানিক নাটক সম্পর্কে আলোচনা কর।

গ) কথা সাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম পর্বের যেকোন দুটি উপন্যাসের বিষয়বস্তু আলোচনা কর।

ঘ) বাংলা সাময়িক পত্রের ক্ষেত্রে সংবাদ প্রভাকরের গুরুত্ব আলোচনা কর।

# Dumkal College

2nd internal test 1ST. Sem. Exam., 2018

Subject: MIL, B.A/B.Sc/B.Com (General)

**Full Marks – 10** **Time – 30 Minutes**

১. আমাদের নীরস শিক্ষায় জীবনের সেই মাহেন্দ্রক্ষণ অতীত হইয়া যায়। আমরা বাল্য হইতে কৈশোর এবং কৈশোর হইতে যৌবনে প্রবেশ করি কেবল কতকগুলা কথার বোঝা টানিয়া। সরস্বতী সাম্রাজ্যে কেবলমাত্র মজুরী করিয়া মরি; পৃষ্ঠের মেরুদণ্ড বাঁকিয়া যায় এবং মনুষ্যত্বের সর্বাঙ্গীণ বিকাশ হয় না। যখন ইংরাজি ভাবরাজ্যের মধ্যে প্রবেশ করি তখন আর সেখানে তেমন যথার্থ অন্তরঙ্গের মতো বিহার করিতে পারি না। যদি বা ভাবগুলো একরূপ বুঝিতে পারি, কিন্তু সেগুলাকে মর্মস্থানে আকর্ষণ করিয়া লইতে পারি না, বক্তৃতায় এবং লেখায় ব্যবহার করি, কিন্তু জীবনের কার্যে পরিনত করিতে পারি না।

উপরোক্ত অনুচ্ছেদ অবলম্বন করে নীচের প্রশ্নের উত্তর দাও- ৫X১= ৫

ক) 'নীরস শিক্ষা' বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন?

খ) 'সরস্বতীর রাজ্যে' কি কারণে আমাদের কেবল মজুরী করতে হয়?

গ) বিদ্যার রাজ্যে এই মজুরীর ফল কীভাবে পাই আমরা?

ঘ) আমাদের শিক্ষায় প্রধান গলদ কোথায়?

ঙ) ইংরেজি শিক্ষার ফলে মূল অন্তরায় কোথায় ঘটে?

২. নিম্নলিখিত ইংরেজি শব্দের উপযুক্ত বাংলা প্রতিশব্দ লেখ (যে কোন ৫টি) ৫X১= ৫

Managing Committee, Note of dissent, Outstanding Balance, Mysticism, Juvenile Prisoner, Landscape and Mass-communication.

# ডোমকল কলেজ

বাংলা বিভাগ

দ্বিতীয় একক অভীক্ষা ২০১৯

বিষয়: বাংলা - AECC-T-1

পূর্ণমান- ১০

সময়: ৩০ মিনিট

যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও।

১. 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পের ভৃত্যটির পরিচয় দাও।

২. অমলকান্তি ও তার বন্ধুদের পেশা কী ছিল।

৩. নির্ঝরের স্বপ্নভঙ্গ কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত?

৪. কালাপাহাড়ের পরিচয় দাও।

৫. 'এখানে আকাশ নীল' কবিতাতে মঙ্গলকাব্যের কোন চরিত্র গুলি উল্লেখ রয়েছে?

৬. "তোমরা ভয় দেখিয়ে করছ শাসন, জয় দেখিয়ে নয়"- কোন কবিতার অংশ? তোমরা বলতে কবি কাদের বুঝিয়েছেন?

৭. পত্র কয় প্রকার ও কী কী?

বাংলা বিভাগ : প্রেমচন্দ কলেজ।

দ্বিতীয় একক অভীক্ষা :

বিষয় : বাংলা (G·E)

পূর্ণমান : ১০ সময় - ৩০ মিনিট

□ যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও :- ৫×২=১০

১. বঙ্কিমচন্দ্র রচিত দুটি সামাজিক উপন্যাসের নাম লেখ?

২. উইলিয়াম কেরীর লেখা দুটি গদ্য গ্রন্থের নাম লেখ?

৩. নজরুল ইসলাম রবীন্দ্রনাথ ঠাকুরকে কোন কাব্য গ্রন্থ উৎসর্গ করেন? নজরুল ইসলাম কোন পত্রিকার সাথে যুক্ত ছিলেন।

৪. 'বঙ্গদর্শন' কার সম্পাদনায় কবে প্রথম প্রকাশিত হয়?

৫. উপভাষা কাকে বলে? বঙ্গালী উপভাষা কোন অঞ্চলে প্রচলিত?

৬. আদি মধ্য বাংলার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখ?

৭. 'স্বরভক্তি' কে বিপ্রকর্ষ বলা হয় কেন উদাহরণ সহ বুঝিয়ে লেখ?

পূর্ণমান - ২০ সময় - ৩০ মিনিট

□ যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও —

১। স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের দুটি বৈশিষ্ট্য লেখো।

২। ছন্দ নির্ণয় করো —

" বলে গিয়েছেন জীবনানন্দ সকলেই নয় কেউ কেউ কবি।
সেই শুধু পারে কাব্য রচিতে যার চোখে আছে
মায়াময় ছবি।

৩। বক্রোক্তি কাকে বলে? কয় প্রকার ও কী কী?

৪। বাংলায় মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী?

৫। অনুপ্রাস অলংকারের উদাহরণ দাও।

৬। চরণ বলতে কী বোঝ?

৭। সাম্প্রতিক বাংলা ভাষার দুটি বৈশিষ্ট্য লেখো।

১

# ডোমকল কলেজ

## বাংলা বিভাগ

### প্রথম ষাম্মাসিক, দ্বিতীয় অভীক্ষা, AECC-1

### (MIL)

সময়- ৪০ মিনিট

পূর্ণমান- ১০

---

যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১০x১=১০

১. বোধ-পরীক্ষণ :

*"ইংরাজি ভাষা আমাদের নিকট বিজাতীয় ভাষা- এর শব্দবিন্যাস পদবিন্যাস রীতি প্রভৃতি বাংলা ভাষার মতো নয়। ফলে সেগুলি সম্পূর্ণরূপে আমাদের দেশের ছাত্রদের নিকট অপরিচিত। তদুপরি বিষয়ের ভাববিন্যাস সম্পূর্ণ পৃথক ধরণের- বিষয় প্রসঙ্গ আমাদের শিক্ষার্থীদের অপরিচিত। আমাদের শিক্ষার্থীরা আগাগোড়া অপরিচিত বলে এগুলির প্রতি আকর্ষণ জন্মে না।"*

উদ্ধৃতাংশটি অবলম্বনে উত্তর দাও-

ক) কী কী কারণে আমাদের দেশীয় শিক্ষার্থীদের কাছে ইংরেজি ভাষা দুরূহ? ৫

খ) লেখকের ভাবনায় ব্যকরণগত কোন কোন দিক থেকে ইংরেজি শেখা আমাদের কাছে প্রতিবন্ধক? ৫

২. নিম্নলিখিত ইংরেজি শব্দের উপযুক্ত বাংলা পরিভাষা লেখ- (যে কোন ৫ টি)

Draft, Embargo, Note of dissent, Provident fund, Taxable, Utilisation, Vocational, Sculpture.

৩. 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটির মূল ভাববস্তু আলোচনা করো।

oor1

গোয়ারবল কলেজ. বাংলা বিভাগ

দ্বিতীয় অভ্যন্তরীণ মূল্যায়ন - HGE (1st - 3rd Sem.)

সময় - ৩০ মি.    মান - ১০

□ যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :-

১. মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের কবি প্রতিভা আলোচনা কর ?

2. অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞাসহ বৈশিষ্ট্য আলোচনা কর ?

৩. পূর্বরাগ বলতে কী বোঝ ? তোমাদের পাঠ্য 'রাধার কি হইল অন্তরে ব্যথা' - পদটির কাব্য সৌন্দর্য ও ভাব সৌন্দর্য আলোচনা কর ।

# ডোমকল কলেজ

## ডোমকল, বসন্তপুর

বিষয়- ভাষাতত্ত্ব (CC-1 & CC-2)

সময়- ১ ঘন্টা ১৫ মিনিট  পূর্ণমান- ২০

*১. যেকোন ৫ টি প্রশ্নের উত্তর দাও*  *৫X২=১০*

ক. ভাষার সংজ্ঞা সহ দুটি বৈশিষ্ট্য লেখ।

খ. রামমোহন রায় রচিত দুটি ব্যকরণ গ্রন্থের নাম লেখ।

গ. অভিধান বিজ্ঞান বলতে কী বোঝায়?

ঘ. 'আছ্' ধাতুর বদলে 'বট্' ধাতুর ব্যবহার কোন উপভাষায় রয়েছে? সেই উপভাষার ভৌগোলিক এলাকা চিহ্নিত করো।

ঙ. ধ্বনি পরিবর্তনের দুটি রীতি উদাহরণ সহ লেখ।

চ. 'ভাষাপ্রকাশ' গ্রন্থটির লেখক কে? তাঁর লেখা আর একটি গ্রন্থের নাম লেখো।

ছ. প্রাচীন বাংলার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

*২. যেকোন একটি প্রশ্নের উত্তর দাও।*  *মান- ১০X১=১০*

ক. বাংলা ভাষার উদ্ভব প্রক্রিয়াটি আলোচনা করো।

খ. রাঢ়ী উপভাষার বিস্তার, ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

গ. প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়কাল, নিদর্শন ও ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

No. of copies : 70

# ডোমকল কলেজ

প্রথম ইন্টারনাল টেস্ট

প্রথম সেমিষ্টার

বিষয় : বাংলা (GCC-1)

পূর্ণমান : ১০

সময় : ৩০মিনিট

১। **যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১×১০=১০

ক) চর্যাপদ কে, কোথা থেকে আবিষ্কার করেন? চর্যাপদের সমাজ চিত্র আলোচনা করো।

খ) বাংলা সাহিত্য মধ্যযুগে চৈতন্য জীবনী কাব্যগুলির বিশ্লেষত্ত্ব বিচার করো।

গ) শ্রীকৃষ্ণকীর্ত্তন কাব্যের পরিচয় দিয়ে কাব্যমূল্য নিরূপন করো।

# ডোমকল কলেজ

বাংলা বিভাগ

দ্বিতীয় সেমিস্টার, HCC 3

সময়- ৩০ মিনিট                                                    পূর্ণমান- ১০

১. যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৫x২=১০

(ক) অক্ষর ও অতিপর্ব বলতে কী বোঝ? দুটি উদাহরণ দাও। ১+১=২

খ) অক্ষরবৃত্ত ছন্দকে জটিল কলামাত্রিক বলা হয় কেন? সংক্ষেপে লেখ। ২

গ) রামচন্দ্র শুদ্র তপস্বী বধ করেছিলেন কেন? ২

ঘ) রাবণ কোন রাজার নিকট পরাজিত হন? কার প্রার্থনায় রাবণের মুক্তি লাভ ঘটে? ১+১=২

ঙ) "রূপের পাথারে আঁখি ডুবি সে রহিল

যৌবনের বনে মন হারাইয়া গেল।।"-

১. পদটির পদকর্তা ও পর্যায় উল্লেখ করো। ২. 'রূপের পাথার' বলতে কী বোঝান হয়েছে?

১+১=২

চ) তোহরি মুরলী যব শ্রবনে প্রবেশল

ছোড়লু গৃহ সুখ আশ"

১. পদের রচয়িতা কে? ২. কে 'গৃহ সুখ আশ' ছেড়েছেন? ১+১=২

ছ) ছন্দোলিপি প্রস্তুত করো:- ২

"ঘরেতে অভাব পৃথিবীটা তাই মনে হয় কালো ধোঁয়া

পিঠেতে টাকার বোঝা, তবু এই টাকাকে যাবে না ছোঁয়া।"

No. of copies : 60

# ডোমকল কলেজ

*প্রথম সেমিষ্টার*

বিষয় : বাংলা (G.E)

পূর্ণমান : ১০ সময় : ৩০মিনিট

---

**১। যেকোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১×১০=১০**

ক) ‘শ্রীকৃষ্ণকীর্ত্তন’ কাব্যটি কে, কোথা থেকে আবিষ্কার করেন? কাব্যটির কাব্যমূল্য বিচার করো।

খ) কৃত্তিবাসের অনুবাদ করা গ্রন্থের নাম কী? কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

গ) স্বরবৃত্ত ছন্দের উদাহরণ সহ বৈশিষ্ট্যগুলি লেখ।

# ডোমকল কলেজ

বাংলা বিভাগ

বাংলা মেজর, ইন্টারনাল টেস্ট (প্রথম সেমিস্টার) ২০২৪

পেপার **SEC**

সময়: ৩০ মিনিট পূর্ণমান: ১০

যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও

১ প্রুফ সংশোধন করো:

ছেলেটারর বয়শ হব বচর দশেক
পরের ঘঘরে মাষনু।
যেমন আগাচা বেড়ে ওঠে ভাদা বেড়ার ধারে–
মালির যত নাই, আছে আলোক বাতাস বৃষ্টি
পোরা মাকড় ধূলাবালি
কখন ছাগলে দেয় মারিত,
কখনো মাডিয়ে দেয় গরুউতে;
তবু মরতে চায় না শক্ত হয়ে ওঠে,
ডাটা-মোটা
পাতা হয় ছিকণ সবজজ।

সংশোধন:

ছেলেটার বয়স হবে বছর দশেক,
পরের ঘরে মানুষ।
যেমন আগাছা বেড়ে ওঠে ভাঙা বেড়ার ধারে–
মালীর যত্ন নেই,
আছে আলোক বাতাস বৃষ্টি,
পোকামাকড় ধুলো বালি,
কখনো ছাগলে দেয় মুড়িয়ে,
কখনো মাড়িয়ে দেয় গোরুতে,
তবু মরতে চায় না, শক্ত হয়ে ওঠে,
ডাটা হয় মোটা,
পাতা হয় চিকন সবুজ।

১০

২) প্রুফ সংশোধন বলতে কী বোঝ? প্রুফ সংশোধন করা প্রয়োজন কেন? প্রুফ সংশোধনের জন্য কোন কোন বিষয়ের উপর নজর রাখা দরকার হয়? ২+৩+৫

৩) পরিভাষা লেখো: যে কোনো পাঁচটি ২×৫=১০

Amend, Approval, Basic Education, Cast Iron, Convention, Hearing, Ideology, Sculpture,

৪) কন্টেন্ট রাইটিং কি? কীভাবে কন্টেন্ট রাইটার হওয়া যায়? ২+৮

ডোমকল কলেজ

বাংলা বিভাগ

ইন্টারনাল টেস্ট (১ম সেমিস্টার) বাংলা মাইনর

জানুয়ারী, ২০২৪

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ১০

নিম্নলিখিত যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১০)

১) চর্যাপদের সমাজ জীবন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা কর।

২) মহাভারতের অনুবাদক রূপে কবি কাশীরাম দাসের কৃতিত্ব সংক্ষেপে লেখ।

৩) রায়গুণাকর ভারতচন্দ্রের কবি প্রতিভার পরিচয় দাও।

৪) বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

## ডোমকল কলেজ

## বাংলা বিভাগ

## ইন্টারনাল টেস্ট (প্রথম সেমিস্টার) বাংলা মেজর,

## জানুয়ারি, ২০২৪

যেকোনো **একটি** প্রশ্নের উত্তর দাও

**পূর্ণমান ১০**

ক) চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয় কেন? বাংলা সাহিত্যে চর্যাপদের গুরুত্ব আলোচনা করো। ২+৮

খ) মঙ্গলকাব্য কাকে বলে? মঙ্গলকাব্যের উদ্ভবের পটভূমি আলোচনা করো।

২+৮

গ) অনুবাদ সাহিত্য বলতে কী বোঝো? বাংলা সাহিত্যে অনুবাদ সাহিত্য রচনার কারণগুলি লেখো। অনুবাদ সাহিত্যে রামায়ণের জনপ্রিয়তার তিনটি কারণ উল্লেখ করো।

২+৫+৩

ঘ) ভাষার সংজ্ঞা দাও? ভাষার বৈশিষ্ট্য গুলি লেখো। মানুষ ছাড়া অন্য কোন প্রাণী বা পশু পাখির আওয়াজ কে কি ভাষা বলা যায়? যুক্তিসহ আলোচনা করো।

২+৫+৩